



UNIVERSITY OF SKILL ENRICHMENT AND TECHNOLOGY (USET)

University for 21st Century

প্রেস বিজ্ঞপ্তি

০২/১১/২০২১

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এর কাছ থেকে ইউনিভার্সিটি অব স্কিল এনরিচমেন্ট অ্যান্ড টেকনোলজি (ইউসেট)-এ প্রথম উপাচার্য হিসেবে ০৪ (চার) বছরের জন্য নিয়োগ পেয়েছেন প্রফেসর (অবসর) ড. মোঃ নুরুল ইসলাম, রসায়ন বিভাগ, ঢাকা ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (ডুয়েট), গাজীপুর, ০১ আগস্ট ২০২১ সালে যার স্মারক নং - ৩৭.০০.০০০০.০৭৮.১১.০০১.২০২১-২০০. ব্যক্তিগত সমস্যার কারণে গত ২৯ অক্টোবর, ২০২১ সালে ইউসেট বোর্ড অব ট্রাস্টিজ এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান প্রফেসর ড. মোয়াজ্জেম হোসেন এর নিকট তার যোগদান পত্র প্রদান করেন। গতকাল ১লা নভেম্বর ২০২১ সাল থেকে তিনি তার কার্যক্রম শুরু করেন। ইউসেট বোর্ড অব ট্রাস্টিজ এর পক্ষ থেকে অনলাইন প্ল্যাটফর্ম (জুম) এর মাধ্যমে সম্মানিত উপাচার্য মহোদয়কে সকলে বরণ করে নেন। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বোর্ড অব ট্রাস্টিজ এর সকল সদস্য, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীগণ।

প্রফেসর ড. মোঃ নুরুল ইসলাম ১৯৭২ সালে রসায়নে স্নাতক এবং ১৯৭৩ সালে স্নাতকোত্তর পাশ করেন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এবং ইউনিভার্সিটি অব ক্যান্টার্কি, যুক্তরাষ্ট্র থেকে অর্গানিক ক্যামিস্ট্রিতে পিএইচডি ডিগ্রি লাভ করেন।

তিনি ১৯৯১ সাল থেকে ঢাকা ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (ডুয়েট) এ অ্যাসোসিয়েট প্রফেসর, প্রফেসর, বিভাগীয় প্রধান, প্রভোস্ট এবং ডীন হিসাবে দায়িত্ব পালন করে এসেছেন। ২২ জুলাই ২০১৮ সাল থেকে প্রফেসর (সুপারনিউম্যারি) হিসাবে ডুয়েট অদ্যবদি কর্মরত ছিলেন।

এছাড়াও তিনি বাংলাদেশ অটমিক এনার্জি কমিশন, ঢাকা-তে হেলথ ফিজিও ডিভিশনে সায়েন্টিফিক অফিসার হিসাবে ১৯৭৮ সাল থেকে ১৯৮১ সাল পর্যন্ত এবং ফরেস্ট রিসার্চ ইন্সটিটিউট, চট্টগ্রাম ডিভিশনে জুনিয়র রিসার্চ অফিসার হিসাবে ১৯৭৭ সাল থেকে ১৯৭৮ সাল পর্যন্ত কাজ করেছেন।

এম.আর. এইচ খান সালমান
অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার

UNIVERSITY OF SKILL ENRICHMENT
& TECHNOLOGY